RHDO

রশ্মি হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশন
(আরএইচডিও)

# বার্ষিক প্রতিবেদন
# ২০২২-২০২৩




info@rhdo.org.bd

www.rhdo.org.bd

বাড়ি নং- ৫৪৩, আদর্শপাড়া, ওয়ার্ড নং-০৮
ভোলা- ৮৩০০।

| | | |
|---|---|---|
| সম্পাদক | : | মো: সাইফুর রহমান |
| সহযোগীতায় | : | মো: হাসান, মো: মাহামুদুর রহমান, মো: সজিব। |
| প্রচ্ছদ ও ডিজাইন | : | মো: মাহামুদুর রহমান |
| প্রকাশনায় | : | রশ্মি হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (আরএইচডিও) |
| প্রকাশকাল | : | আগস্ট ২০২৩ ইং |
| প্রতিবেদন বৎসর | : | ২০২২-২০২৩ ইং |


**রশ্মি হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (আরএইচডিও)**
বাড়ি # ৫৪৩ (নীচতলা), সড়ক # আদর্শপাড়া, ওয়ার্ড # ০৮
ভোলা-৮৩০০, বাংলাদেশ।



# মুখবন্ধ

বেসরকারি উন্নয়ন সংস্থা আরএইচডিও'র পক্ষ থেকে সালাম ও শুভেচ্ছা নিবেন। ২০২২-২০২৩ বার্ষিক প্রতিবেদনে আরএইচডিও কর্তৃক বিগত ২০২২-২০২৩ অর্থবছরের বাস্তবায়িত সকল কার্যক্রমের তথ্যাদি সংক্ষিপ্ত আকারে তুলে ধরা হলো। বিগত কয়েক বছর আমারা বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর প্রভাব মোকবেলা করছি যা আমাদের অর্থনৈতিক অবস্থাকে আরো দুর্বল করেছে। তবে এই সমস্যা চিরস্থায়ী নয় তা আমরা এরই মাঝে প্রমান করেছি। আমি আশাবাদী যে, আগামী কয়েক বছরের মধ্যে আমরা এই অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে আমাদের সংস্থার লক্ষ্যভূক্ত জনগোষ্ঠির আর্থ-সামাজিক ও টেকসই উন্নয়ে আরো জোরালো ভূমিকা রাখতে পারবো। ইতিমধ্যে আমাদের সংস্থার লক্ষ্যভূক্ত জনগোষ্ঠিকে বিভিন্ন আয়বৃদ্ধি মূলক প্রশিক্ষণ প্রদান ও তাদের আর্থিকভাবে সাহায্য করার জন্য মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) এর নিকট থেকে প্রাথমিক অনুমোদ লাভ করেছে যা আগামী ০৬ আগস্ট ২০২৩ ইং থেকে কার্যক্রম শুরু হবে।

আরএইচডিও বিশ্বাস করে যে, দারিদ্র্য দূরকণ, নারীর ক্ষমতায়ন, শিশু অধিকার রক্ষা, উদ্যোগক্তা সৃষ্টি, টেকসই উন্নয়ন, উন্নত সমৃদ্ধ বাংলাদেশ ও সাম্যতার পৃথিবী বিনির্মানে আরএইচডিও'র প্রতি আপনাদের সাহায্য ও সহযোগীতা অব্যাহত থাকবে।



মো: সাইফুর রহমান<br>
(নির্বাহী পরিচালক)<br>
রশ্মি হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (আরএইচডিও)

**সুচীপত্রঃ** **পৃষ্ঠা নম্বর**


আরএইচডিও প্রতিষ্ঠার পটভূমি: ---------- ৫
ভিশন: ---------- ৫
মিশন: ---------- ৫
সাংগঠনিক কাঠামো: ---------- ৬
পরিচালনা পর্ষদ: ---------- ৬
সাধারণ পর্ষদ: ---------- ৭
সভা: ---------- ৭
কর্ম এলাকা: ---------- ৮
মানব সম্পদ: ---------- ৮
আইনি ভিত্তি: ---------- ৮
দাতা/সহযোগী সংস্থা সমূহ: ---------- ৮
অর্জন: ---------- ৯
কার্যক্রম সমূহ: ---------- ৯
স্বাস্থ্য: ---------- ৯
শিক্ষা: ---------- ১০
সমিতি / দল গঠন: ---------- ১০
ক্ষুদ্র ঋণ: ---------- ১১
বৃক্ষ রোপন: ---------- ১২
মানবিক সাহায্য: ---------- ১৩
প্রশিক্ষণ: ---------- ১৩
বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতীক দিবস পালন: ---------- ১৪
আরএইচডিও'র ভবিষ্যত পরিকল্পনা: ---------- ১৪
অডিট রিপোর্ট: ---------- ১৪

## আরএইচডিও প্রতিষ্ঠার পটভূমি:

রশ্মি হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (আরএইচডিও) ০২ মার্চ ২০১৮ ইং সনে স্থানীয় কয়েকজন সমাজ সচেতন, শিক্ষিত, দানশীল ও গন্যমান্য ব্যক্তিদের মহৎ উদ্যোগে যেনো সমাজের অসহায়, অস্বচ্ছল, পিছিয়েপড়া মানুষদের সাহায্য সহযোগীতা করতে পারে সেজন্য তাদের সমন্বয়ে প্রতিষ্ঠা লাভ করে। আরএইচডিও প্রতিষ্ঠালগ্ন থেকেই বিভিন্ন সামাজিক উন্নয়নমূলক কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন করছে। আরএইচডিও যখন সুনামের সাথে কার্যক্রম বাস্তবায়ন ও কার্যক্রমের পরিধি বৃদ্ধি করে তখন প্রতিষ্ঠানের অন্যতম প্রতিষ্ঠাতা জনাব মো: সাইফুর রহমান মনে করেন যে উক্ত প্রতিষ্ঠানটির একটি স্থায়ি রুপ প্রয়োজন যার ফলে প্রতিষ্ঠানের কাজের ধরন ও কাজের পরিধি আরো সুন্দর ও সহজ হবে। এরই ধারাবাহিকতায় প্রতিষ্ঠানটি গত ০১ জানুয়ারি ২০২০ ইং সনে রশ্মি হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (আরএইচডিও) নামে গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজসেবা অধিদপ্তর হইতে স্বেচ্ছাসেবী সংস্থা হিসেবে নিবন্ধন লাভ করে। পরবর্তিতে আরএইচডিও কাজের পরিধি ও ধরন বিবেচনায় পর্যায়ক্রমে এনজিও বিষয়ক ব্যুরো, যুব উন্নয়ন অধিদপ্তর, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ), জাতীয় রাজস্ব বোর্ড সহ বিভিন্ন সময়ে বিভিন্ন দপ্তর/বিভাগ হইতে নিবন্ধনের জন্য আবেদন ও যথাযথ প্রক্রিয়ায় নিবন্ধন লাভ করে। যা বর্তমানে অনিবন্ধিত স্বেচ্ছাসেবী সংগঠনগুলোর জন্য দৃষ্টান্ত হয়ে থাকবে।


## লক্ষ্য (Vision):

গ্রামীণ অবহেলিত, দুঃস্থ, সুবিধা বঞ্চিত, প্রতিবন্ধি, সংখ্যালঘু, উপজাতি, বেকার যুবসমাজের টেকসই আর্থ-সামাজিক উন্নয়ন সাধনই এই সংস্থার মূল লক্ষ্য।

## উদ্দেশ্য (Mission):

- পরিবেশ সংরক্ষণের জন্য বনায়ন সৃষ্টি করা, বৃক্ষ নিধন বন্ধ করা এবং বৃক্ষ রোপনে গ্রামীণ জনগোষ্ঠীকে উৎসাহ ও সহযোগীতা করা।
- প্রতিবন্ধী পুর্ণবাসনের চেষ্টা করা।
- কন্যা দায়গ্রস্থ পিতাকে সাহায্য করা এবং যৌতুক রোধের জন্য সামাজিক আন্দোলন সৃষ্টিতে উদ্বুদ্ধ করণ।
- কৃষকদের মাঝে সার, বীজ ও কীটনাশক বিতরণের ব্যবস্থাকরণ এবং আধুনিক চাষাবাদ পদ্ধতির প্রশিক্ষণ প্রদান।
- ক্ষুদ্র ও কুটির শিল্প যেমন, কাঠ মিস্ত্রী, বাশ ও বেত শিল্প, হোগলা বুনন ও পোশাক সেলাইয়ে সহায়তা প্রদান।
- বেকার যুবদের বিভিন্ন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থানের ব্যবস্থা করা।
- বাল্য বিবাহ, বহু বিবাহ, যৌতুক ও নারী নির্যাতনের বিরুদ্ধে জনগণের সচেতনতা বৃদ্ধি করা।
- অসহায়, অস্বচ্ছল, বৃদ্ধ ব্যক্তি পরিবারকে মানবিক সাহায্য করা।
- লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীকে দলবদ্ধভাবে বিভিন্ন আয়বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান ও ঋণ সহায়তা প্রদান করা।
- সরকারি-বেসরকারি, দেশি-বিদেশি বিভিন্ন দপ্তর/সংস্থার সাথে সমন্বয় করে জনকল্যাণমূলক কাজ করা।

## সাংগঠনিক কাঠামো:




## পরিচালনা পর্ষদ:

আরএইচডিও তার গঠনতন্ত্র মোতাবেক পরিচালনা পর্ষদ দ্বারা নিয়ন্ত্রিত হয়। যা প্রতি ০৩ বছর অন্তর-অন্তর প্রতিষ্ঠানের সাধারণ পর্ষদের সদস্যগণের মধ্যে থেকে নির্বাচন প্রক্রিয়ার মাধ্যমে গঠিত হয় এবং উক্ত নির্বাচিত পর্ষদ প্রতিষ্ঠানের নিবন্ধন কর্তৃপক্ষের দ্বারা অনুমোদিত হয়ে থাকে। আরএইচডিও'র পরিচালনা পর্ষদের সদস্য সংখ্যা ০৭ জন যার মধ্যে বর্তমানে ০৩ জন পুরুষ ও ০৪ জন মহিলা সদস্য রয়েছে। আরএইচডিও'র কার্যক্রম পরিচালনার জন্য যে সকল নীতিমালা ও বিধিমালার প্রয়োজন হয় তা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত মোতাবেক প্রস্তুত করে ও প্রাথমিকভাবে অনুমোদন করেন।

**আরএইচডিও'র পরিচালনা পর্ষদের সম্মানিত সদস্যবর্গ;**

| | | |
|---|---|---|
| চেয়ারম্যান | : | **জনাব আনোয়ার হোসেন**<br>জোনাল ম্যানেজার<br>ইবনেসিনা ফার্মাসিটিক্যাল লি. |
| ভাইস-চেয়ারম্যান | : | **জনাব মো: হাসান**<br>মার্কেটিং অফিসার<br>চালডাল লি. |
| কোষাধক্ষ্য | : | **রেহানা পারভিন**<br>সমাজকর্মী |
| নির্বাহী সদস্য | : | **বিবি ফাতেমা**<br>সমাজকর্মী<br><br>**লিজা বেগম**<br>ছাত্রী<br><br>**মোসা: জান্নাত**<br>গৃহীনী |
| সদস্য সচিব | : | **মো: সাইফুর রহমান**<br>নির্বাহী পরিচালক<br>রশ্মি হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (আরএইচডিও) |

## সাধারণ পর্ষদ:

আরএইচডিও'র বর্তমানে ২১ সদস্য বিশিষ্ট সাধারণ পর্ষদ রয়েছে যারা প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ সকল সিদ্ধান্ত গ্রহণ করেন। যেমন: প্রতি ০৩ বছর পরপর প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ গঠন, প্রতিষ্ঠানের বার্ষিক আয়-ব্যয় বিবরণী পর্যালোচনা ও অনুমোদন, বার্ষিক নিরিক্ষা প্রতিবেদন অনুমোদন, বিভিন্ন নীতিমালা ও বিধিমাল অনুমোদনসহ ইত্যাদি।

## সভা:

**সাধারণ পর্ষদের সভা:** বছরে কমপক্ষে ০১ বার প্রতিষ্ঠানের সাধারণ পরিষদের সদস্যবর্গের উপস্থিতিতে প্রতিষ্ঠানের প্রধান কার্যলয়ে সাধারণ পর্ষদের সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সংস্থার গুরুত্বপূর্ণ বিষয়াদি আলোচনা করা হয় এবং অনুমোদন করা হয়।

**পরিচালনা পর্ষদের সভা:** প্রতি ০৩ মাস অন্তর অন্তর প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনা বিষয়ক বিভিন্ন নিয়ম কানুন, নীতিমালা ও বিধীমালার প্রস্তুত কমিটি গঠন ও তা প্রাথমিক অনুমোদন করা, জনবল নিয়োগ বিষয়ক সিদ্ধান্ত গ্রহণসহ ইত্যাদি বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**জেলা এনজিও বিষয়ক সভায় অংশগ্রহণ:** প্রতিমাসে জেলা প্রাশাসকের কার্যালয়ে সম্মানিত জেলা প্রশাসকের সভাপত্তিত্বে জেলায় কর্মরত সকল এনজিও ও স্বেচ্ছাসেবী সংগঠগুলোর সমন্বয় জেলা এনজিও বিষয়ক সম্বয় সভার আয়োজন করা হয়। নিয়মিত আরএইচডিও'র প্রতিনিধি উক্ত সভায় অংশগ্রহণ করে এবং প্রতিষ্ঠানের কার্যক্রম সম্পর্কে সভায় উপস্থিত সকলকে অবহিত করে।

**জেলা ক্ষুদ্রঋণ সমন্বয় সভায় অংশগ্রহণ:** প্রতিমাসে জেলা প্রাশাসকের কার্যালয়ে সম্মানিত জেলা প্রশাসকের সভাপত্তিত্বে জেলায় কর্মরত ক্ষুদ্রঋণ প্রাদানকারী এনজিওদের সমন্বয়ে জেলা ক্ষুদ্রঋণ কার্যক্রম সমন্বয় সভার আয়োজন করা হয়। নিয়মিত আরএইচডিও'র প্রতিনিধি উক্ত সভায় অংশগ্রহণ করে এবং প্রতিষ্ঠানের কার্যক্রম সম্পর্কে সভায় উপস্থিত সকলকে অবহিত করে।

**উপজেলা এনজিও সম্বয় সভায় অংশগ্রহণ:** প্রতিমাসে উপজেলা প্রশাসনের কার্যালয়ে সম্মানিত উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে উপজেলায় কর্মরত সকল এনজিও ও স্বেচ্ছাসেবী সংগঠগুলোর সম্বয়ে উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার আয়োজন করা হয়। নিয়মিত আরএইচডিও'র প্রতিনিধিগন উক্ত সভাসমূহে অংশগ্রহণ করে এবং প্রতিষ্ঠানের কার্যক্রম সম্পর্কে সভায় উপস্থিত সকলকে অবহিত করে।

**প্রতিষ্ঠানের সুবিধাভূগী সদস্যদের সমিতির সভা:** প্রতিষ্ঠানের লক্ষভূক্ত সদস্যদের দলবদ্ধ করার জন্য গঠিত সমিতিতে প্রতি সপ্তাহে বিভিন্ন সচেতনাতামূলক বিষয়ে আলোচনা করা হয়।

## কর্মএলাকা:

| | | |
|---|---|---|
| জেলা | : | ০১ টি |
| উপজেলা | : | ০২ টি |
| থানা | : | ০২ টি |
| ইউনিয়ন/পৌরসভা | : | ১৪ টি |
| গ্রাম/ওয়ার্ড | : | ৩৫ টি |

## মানবসম্পদ:

| | | |
|---|---|---|
| কর্মকর্তা/কর্মচারি | : | ০৩ জন |
| খন্ডকালীন কর্মকর্তা/কর্মচারি | : | ০২ জন |
| স্বেচ্ছাসেবক | : | ২২ জন |

## আইনি ভিত্তি:

| ক্র.নং | দপ্তর/বিভাগ | নিবন্ধন নম্বর | নিবন্ধন/নবায়নের তারিখ |
|---|---|---|---|
| ০১. | এনজিও বিষয়ক ব্যুরো | ৩২৯৮ | ১৯ জুন ২০২২ ইং |
| ০২. | সমাজসেবা অধিদপ্তর | ভোলা ৩৬৮/২০ | ০১ জানুয়ারি ২০২০ |
| ০৩. | যুব উন্নয়ন অধিদপ্তর | যুউঅ/ভোলা ৫৯ | ২৭ সেপ্টেম্বর ২০২২ |
| ০৪. | মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি | ২০২১০২০৫৯ (সাময়িক) | ১৩ জুন ২০২৩ |
| ০৫. | জাতীয় রাজস্ব বোর্ড (টিআইএন) | ১৪৫২৯২৯৪৩২০৯ | ০৮ মার্চ ২০২২ |
| ০৬. | জাতীয় রাজস্ব বোর্ড (বিআইএন) | ০০৫৩৪২৭৭৭-০৮০৭ | ২৪ জানুয়ারি ২০২৩ |
| ০৭. | ট্রেড লাইসেন্স | ৪০/২০২২-২০২৩ | ৩০ সেপ্টেম্বর ২০২২ |

## দাতা/সহযোগী সংস্থা সমূহ:

আইসিটি ডিভিশন বাংলাদেশ, যুব উন্নয়ন অধিদপ্তর, জাতীয় সমাজকল্যাণ পরিষদ।

## অর্জন/সংযোজন:

আরএইচডিও মানবিক কার্যক্রম পরিচালনার সুবিধার্থে প্রতিষ্ঠানে www.rhdo.org.bd ঠিকানায় ওয়েবসাইট তৈরি করেছে।

আরএইচডিও'র মানবিক কার্যক্রমের জন্য অনলাইনে অর্থ সংগ্রহের মাধ্যম হিসেবে sslcommerz এর সাথে চুক্তি করেছে। যার মাধ্যমে সংস্থার ওয়েবসাইট ভিজিট করে ওয়েবসাইটের মাধ্যমে দাতা তার দান/অনুদানের অর্থ প্রেরণ করতে পারবে।

এছাড়াও **"নগদ, উপায়"** থেকে আরএইচডিও'র নামে মার্চেন্ট একাউন্ট (০১৩০৬৬৯৯৪১১) চালু করা হয়েছে যাতে দাতাগন উক্ত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে তাদের দান/অনুদানের অর্থ প্রেরণ করতে পারে।

## কার্যক্রম সমূহ: -------------------------------------------------------

### স্বাস্থ্য:

আরএইচডিও বিশ্বাস করে স্বাস্থ্যসেবা মানুষের মৌলিক অধিকার এবং উন্নত জাতি গঠনে তা অপরিহার্য। বাংলাদেশ পৃথিবীর অন্যতম ঘনবসতিপূর্ণ দেশ হওয়াও আমাদের স্বস্থ্য ঝুঁকির বিষয়টি খুবই বেশি। আমাদের দেশে স্বাস্থ্য সমস্যার মধ্যে রয়েছে সংক্রামক ব্যাধি, অ-সংক্রামক ব্যাধি, অপুষ্টি, প্রজনন স্বাস্থ্য, অসচেতনতা, কুসংস্কার ইত্যাদি। সেই প্রেক্ষাপটে আরএইচডিও প্রতিষ্ঠালগ্ন থেকেই গ্রাম পর্যায়ে বিভিন্ন সচেতনতামূলক সভা সেমিনারের আয়োজন করে থাকে।







বর্তমানে আরএইচডিও কর্তৃক নিম্নোক্ত স্বাস্থ্য কর্মসূচি/প্রকল্প বাস্তবায়িত হচ্ছে;

| | | |
|---|---|---|
| প্রকল্প/কর্মসূচির নাম | : | ফ্রি মেডিকেল ক্যাম্প। |
| প্রকল্প শুরুর তারিখ | : | আগস্ট ২০২২ হতে প্রতি ০৩ মাস পর পর বিভিন্ন ইউনিয়নে ফ্রি মেডিকেল ক্যাম্পের আয়োজন করা হয়। (চলমান) |
| আর্থিক সহোযোগীতায় | : | জাতীয় সমাজকল্যাণ পরিষদ ও সংস্থার নিজস্ব অর্থায়ন। |
| প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য | : | ক) গ্রামের অশিক্ষিত, অসহায় মানুষদের সুস্বাস্থ্য সম্পর্কে ধারনা প্রদান।<br>খ) স্বাস্থ্যের প্রতি যত্নশীল করা এবং স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি করা।<br>গ) কিছু প্রাথমিক রোগের পরিক্ষার মাধ্যমে তাদের রোগ নির্ণয় ও প্রয়োজনে ডাক্তারের পরামর্শ নেয়ার জন্য ডাক্তারের নিকট প্রেরণ করা।<br>ঘ) কমন রোগ সনাক্ত করা ও যথাসময়ে চিকিৎসার মাধ্যমে সুস্থ্য থাকতে সাহায্য কর। |
| উপকারভূগীর ধরন | : | ১২-৭০ বছর বয়সের যেকেউ আমাদের মেডিকেল ক্যাম্পে সেবা নিতে পারবে। |
| সেবার ধরণ | : | বিনামূল্যে HBsAg, HIV, RBS, Blood Group, BP check নির্ণয়। |
| উপকারভূগীর সংখ্যা | : | শুরু থেকে বর্তমান পর্যন্ত প্রায় ৬০০ জন। |

**<u>শিক্ষা:</u>**





বর্তমানে আরএইচডিও কর্তৃক নিম্নোক্ত শিক্ষা কর্মসূচি/প্রকল্প বাস্তবায়িত হচ্ছে;

| | | |
|---|---|---|
| প্রকল্প/কর্মসূচির নাম | : | কিশোরদের উন্নয়নে আইসিটি-১। |
| প্রকল্প শুরুর তারিখ | : | ২৫ মে ২০২৩ ইং। (০১ বছর) |
| আর্থিক সহোযোগীতায় | : | আইসিটি ডিভিশন বাংলাদেশ। |
| প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য | : | ক) প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে লক্ষ্যভূক্ত কিশোরদের ভবিষৎ উজ্বল হবে।<br>খ) কিশোররা গ্যাং গঠন না করে নিজেদের ভবিষৎ গঠনে মনোযোগী হবে। ধীরে ধীরে ধীরে ধীরে কিশোরগ্যাং বিলুপ্ত হবে এবং সামাজিক অপরাধ কমবে।<br>গ) দেশের দক্ষ জনসম্পদ তৈরি হবে, আত্মকর্মসংস্থানে উৎসাহ বাড়বে এবং তারা বেকার সমস্যায় ভূগবে না।<br>ঘ) সামাজিক অপরাধ নয় বরং তাদের মধ্যে সামাজিক গুনাবলি বিকশিত হবে। |
| উপকারভূগীর ধরন | : | ১৫-২২ বছর (৯ম-দ্বাদশ) স্কুল পড়ুয়া কিশোরদের, পিছিয়ে পড়া লক্ষ্যভূক্ত গোষ্ঠীর সন্তানদের অবসর সময়টাকে কাজে লাগানো। |
| সেবার ধরণ | : | ফ্রি কম্পিউটার প্রশিক্ষণ। |
| উপকারভূগীর সংখ্যা | : | ৫০ জন। |

**<u>সমিতি/দল গঠন:</u>**




বর্তমানে আরএইচডিও কর্তৃক নিম্নোক্ত সমিতি/দল গঠন কর্মসূচি/প্রকল্প বাস্তবায়িত হচ্ছে;

| | | |
|---|---|---|
| প্রকল্প/কর্মসূচির নাম | : | সমিতি/দল গঠন। |

| | | |
|---|---|---|
| প্রকল্প শুরুর তারিখ | : | ০১ জানুয়ারি ২০২৩ ইং। |
| আর্থিক সহোযোগীতায় | : | সংস্থার নিজস্ব তহবিল। |
| প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য | : | ক) সংস্থার লক্ষ্যভূক্ত জনগোষ্ঠীকে সংগঠিত করার সহজ মাধ্যম।<br>খ) সমস্য চিহ্নিত ও সমাধান প্রক্রিয়া সহয় হয়।<br>গ) সমিতির মাধ্যমে সেবা প্রদান প্রক্রিয়া সহজ।<br>ঘ) দলবদ্ধভাবে সমস্যা সমাধান আরো সহজ হয়। |
| উপকারভূগীর ধরন | : | ১৮-৫৮ বছর বয়সের লক্ষ্যভূক্ত গোষ্ঠীর পুরুষ-মহিলাদের নিয়ে সমিতি গঠন করা হয়। |
| সেবার ধরণ | : | ক) বিভিন্ন সচেতনতামূলক সভার আয়োজনের মাধ্যমে সচেতনতা বৃদ্ধি করা।<br>খ) সদস্যদের সমস্যা জানা এবং পরামর্শ দেয়া।<br>গ) বিভিন্ন আয়বৃদ্ধিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা করা ও তাদের আয় বৃদ্ধিতে সহায়তা করা। |
| উপকারভূগীর সংখ্যা | : | ৫০ জন। |

**ক্ষুদ্রঋণ কার্যক্রম:**




বর্তমানে আরএইচডিও কর্তৃক নিম্নোক্ত ঋণ কর্মসূচি/প্রকল্প বাস্তবায়িত হচ্ছে;

| | | |
|---|---|---|
| প্রকল্প/কর্মসূচির নাম | : | ঋণ কার্যক্রম। |
| প্রকল্প শুরুর তারিখ | : | |
| প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য | : | ক) সমিতি/দলের সদস্যদেরকে আর্থিক সাহায্য করা।<br>খ) সদস্যদের আয়বৃদ্ধিমূলক কর্মকান্ডে সম্পৃক্তকরণ।<br>গ) দারিদ্র্য বিমোচন হ্রাস করা।<br>ঘ) সঞ্চয়ের মাধ্যমে স্বাভলম্ভি করা।<br>ঙ) সমিতির মাধ্যমে সেবা প্রদান প্রক্রিয়া সহজ। |
| উপকারভূগীর ধরন | : | ১৮-৫৮ বছর বয়সের লক্ষ্যভূক্ত গোষ্ঠীর পুরুষ-মহিলা। |
| সেবার ধরণ | : | ক) বিভিন্ন সচেতনতামূলক সভার আয়োজনের মাধ্যমে সচেতনতা বৃদ্ধি করা।<br>খ) বিভিন্ন আয়বৃদ্ধিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা করা ও তাদের আয় বৃদ্ধিতে সহায়তা করা।<br>গ) মাহজনি ঋণ থেকে দরিদ্র্য মানুষকে মুক্তি দেয়া।<br>ঘ) সহজ শর্তে ঋণ সহায়তা।<br>ঙ) ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমার মাধ্যমে বৃহৎ তহবিল গঠন ও সদস্যদের স্বাবলম্ভি করা। |
| উপকারভূগীর সংখ্যা | : | ১৫০ জন। |

**<u>বৃক্ষ রোপন:</u>**



বৃক্ষ নেই, প্রাণের অস্তিত্ব নেই, বৃক্ষহীন পৃথিবী যেন প্রাণহীন মহাশ্মশান।" অফুরন্ত সৌন্দর্যের এক মধুর নিকুঞ্জ আমাদের এ পৃথিবী। এই পৃথিবীকে সবুজে শ্যামলে ভরে দিয়েছে প্রানদায়ী বৃক্ষরাজি। এ বিশ্বকে সুশীতল ও বাসযোগ্য করে রাখার ক্ষেত্রে বৃক্ষের অবদান অনস্বীকার্য। আবার মানুষের সুন্দর ভাবে বেঁচে থাকার জন্য যেসব মৌলিক চাহিদা রয়েছে তার অধিকাংশই পূরণ করে বৃক্ষ। তাই মানব জীবনে বৃক্ষের প্রয়োজনীয়তা অপরিসীম। সরকারি হিসেবে বাংলাদেশে বনভূমি থাকা উচিত ২৫ শতাংশ; যেখানে বর্তমানে বনভূমি রয়েছে ১৬ শতাংশ মাত্র। এই ঘাটতি পূরণে ব্যক্তিগত ও সামাজিক উদ্যোগে ব্যাপকভাবে বৃক্ষরোপণের বিকল্প নেই।

| | | |
|---|---|---|
| প্রকল্প/কর্মসূচির নাম | : | বৃক্ষ রোপন। |
| প্রকল্প শুরুর তারিখ | : | ০১ জানুয়ারি ২০২১ ইং |
| আর্থিক সহোযোগীতায় | : | সংস্থার নিজস্ব অর্থায়ন। |
| প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য | : | ক) বৃক্ষরোপণ প্রচারাভিযান হলো বাংলাদেশের পরিবেশের ভারসাম্য রক্ষায় বৃক্ষরোপন এর উপকারিতা বিষয়ে সচেতনতা সৃষ্টিমূলক একটি সমন্বিত উদ্যোগ।<br>খ) গ্রাম পর্যায়ে সাধারণ মানুষের মধ্যে বৃক্ষরোপণের উপকারিতা বিষয়ে সচেতনতা সৃষ্টি করা।<br>গ) সাধারণ মানুষ ও যুবগণ ব্যক্তিগত উদ্যোগে নিজেদের ফাঁকা জায়গায় ব্যাপকভাবে বৃক্ষরোপণ করতে উৎসাহিত হবেন।<br>ঘ) সামাজিক উদ্যোগে সম্মিলিতভাবে সড়কের পাশে, বিদ্যালয়, মসজিদ, মন্দির, কবরস্থান, শশ্মান কিংবা অন্যান্য ফাঁকা জায়গায় ব্যাপকভাবে বৃক্ষরোপণ করতে উৎসাহিত হয়।<br>ঙ) প্রাকৃতিক ভারসাম্য রক্ষা, জলবায়ু রক্ষা, জলবায়ুর সমতা বজায় রাখা ও বনজসম্পদে সমৃদ্ধ হওয়া। |
| সেবার ধরণ | : | বিনামূল্যে গাছের চারা বিতর ও রোপন। |
| রোপন/বিতরণকৃত সংখ্যা | : | ৫০০ টি। |

**মানবিক সাহায্য:**




বর্তমানে আরএইচডিও কর্তৃক নিম্নোক্ত মানবিক সাহায্য কর্মসূচি/প্রকল্প বাস্তবায়িত হচ্ছে;

| | | |
|---|---|---|
| প্রকল্প/কর্মসূচির নাম | : | অসহায় ও অসচ্ছল মানুষের মাঝে ইফতার সমগ্রী বিতরণ। |
| প্রকল্প শুরুর তারিখ | : | এপ্রিল ২০২৩ ইং |
| আর্থিক সহোযোগীতায় | : | সংস্থার নিজস্ব অর্থায়ন। |
| প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য | : | ক) ভোলা সদর উপজেলার অসহায় ও অসচ্ছল পরিবারেকে সাহয্য করা। |
| উপকারভূগীর ধরন | : | ভোলা সদর উপজেলার আলীনগর ইউনিয়ন, শিবপুর ইউনিয়ন, পৌরসভার ০৮ নং ওয়ার্ড, ০৯ নং ওয়ার্ড, ০৭ নং ওয়ার্ডে বসবাসরত দরিদ্র শ্রেণীর পরিবার সমূহ। |
| সেবার ধরণ | : | চাল, ডাল, তৈল, ছোলার ডাল, খেজুর, ট্যাংক, চিরা, মুড়ি ইত্যাদি পন্য সম্মলিত প্যাকেট বিনামূলে বিতরণ। |
| উপকারভূগীর সংখ্যা | : | ১২৫ জন। |

**প্রশিক্ষণ:**



বর্তমানে আরএইচডিও কর্তৃক নিম্নোক্ত প্রশিক্ষণ কর্মসূচি/প্রকল্প বাস্তবায়িত হচ্ছে;

| | | |
|---|---|---|
| প্রকল্প/কর্মসূচির নাম | : | যুব প্রশিক্ষণ। |
| প্রকল্প শুরুর তারিখ | : | |
| সহোযোগীতায় | : | যুব উন্নয়ন অধিদপ্তর। |
| প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য | : | ভোলা সদর উপজেলার বেকার যুবদের যুব উন্নয়ন অধিদপ্তরের সহোযোগীতায় প্রশিক্ষণ প্রাদান ও প্রয়োজনে ঋণ সহায়তার মাধ্যমে তাদেকে উদ্যোগক্ত সৃষ্টিতে সহায়তা করা। |

| | | |
|---|---|---|
| উপকারভূগীর ধরন | : | কেবলমাত্র ১৮-৩৫ বছর বয়সি যুবদের উক্ত প্রশিক্ষণ দেয়া হয়। |
| সেবার ধরণ | : | সবজি চাষ প্রশিক্ষণ, কবুতর পালন প্রশিক্ষণ, মৎস চাষ প্রশিক্ষণ, পারিবারিক হাস-মুরগি পালন প্রশিক্ষণ, বসতবাড়িতে সবজি চাষ প্রশিক্ষণ ইত্যাদি। |
| উপকারভূগীর সংখ্যা | : | ৮০ জন। |

## বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতীক দিবস পালন:

রশ্মি হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (আরএইচডিও) প্রতিষ্ঠালগ্ন থেকেই সকল জাতীয় ও আন্তর্জাতিক দিবস উৎযাপন করে আসছে।










## আরএইচডিও’র ভবিষৎ পরিকল্পনা:

- জনবল বৃদ্ধি।
- সেবাগ্রহীতার সংখ্যা বৃদ্ধি।
- কর্ম এলকা সম্প্রসারণ।
- ট্রেনিং সেন্টার চালুকরণ।

## অডিট রিপোর্ট: